

# যবিপ্রবির একাডেমিক সেবা এখন অনলাইনে

মোঃ ইমরান হোসেন, কনট্রিবিউটিং রিপোর্টার, যশোর  
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ০০:৪২, ১২ জুলাই ২০২৫



যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (যবিপ্রবি) একাডেমিক সেবাসমূহ সহজীকরণ এবং আরও দ্রুত সময়ে শিক্ষার্থীদের হাতে পৌঁছে দিতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখা চালু করেছে ডিজিটাল পোর্টাল।

×

বৃহস্পতিবার (১০ জুলাই) বিশ্ববিদ্যালয়ের সিনিয়র প্রশাসনিক কর্মকর্তা মোঃ আব্দুর রহিম এ তথ্য নিশ্চিত করেন। এটি আগামী ১২ ই জুলাই থেকে পরীক্ষামূলকভাবে চালু করা হবে।

এই পোর্টালের মাধ্যমে যবিপ্রবির বর্তমান ও ডিগ্রিপ্ৰাপ্ত সাবেক শিক্ষার্থীদের মাইগ্রেশন সার্টিফিকেট, মিডিয়াম অফ ইন্সট্রাকশন সার্টিফিকেট, প্রত্যয়নপত্র, সেমিস্টার ফিস, না-দাবি সনদ (২০২০-২০২১ শিক্ষাবর্ষ থেকে) ইত্যাদি সেবা সমূহ প্রদান করা হবে।  
এর মাধ্যমে শিক্ষার্থীরা ক্যাম্পাসে উপস্থিত না হয়েও ঘরে বসেই গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলোর জন্য আবেদন করতে পারবে এবং আবেদনপত্রের সর্বশেষ অবস্থা ও অবস্থান পর্যবেক্ষণ করতে পারবে।

যখন কোনো সার্টিফিকেট প্রস্তুত হয়ে যাবে, তখন একাডেমিক শাখা থেকে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস পাঠানো হবে। এরপর শিক্ষার্থী নিজের সুবিধামতো সময়ে সংশ্লিষ্ট সার্টিফিকেট সংগ্রহ করতে পারবে। নতুনভাবে চালু হওয়া এই পোর্টালের ঠিকানা হলো <https://dics.just.edu.bd>।